গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
http//:damurhuda.chuadanga.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.১৮৩১.০০০.৯৬.০০১.২৫- ৩০০৭

তারিখ: ১৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ।
২৯ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ।

: জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি :

ভূমি মন্ত্রণালয়, সায়রাত- অধিশাখা, ০৮ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ/ ২৩ নভেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০২৩.২৫.৭০৪ নং স্মারক জারীকৃত প্রজ্ঞাপন মোতাবেক চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলাধীন ২০ একর পর্যন্ত বদ্ধ নিম্ন তপশীল বর্ণিত জলমহাল সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুসারে বাংলা ১৪৩৩ সন হতে ১৪৩৫ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদী ইজারা প্রদানের লক্ষ্যে এ উপজেলার কেবলমাত্র নিবন্ধনভুক্ত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে নিম্নবর্ণিত সিডিউল ও শর্তসাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন/দরপত্র আহবান করা যাচ্ছে। আবেদন/দরপত্র অফিস চলাকালীন সময়ে জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা মহোদয়ের কার্যালয় (রাজস্ব শাখা), সহকারী কমিশনার (ভূমি), দামুড়হুদা, চুয়াডাঙ্গা ও নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে সিডিউল অনুযায়ী সরকার নির্ধারিত ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে অর্ডার (অফেরতযোগ্য) সোনালী ব্যাংক, দামুড়হুদা শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা'র অনুকূলে জমা দিয়ে আবেদন/দরপত্র সিডিউল ক্রয় করা যাবে এবং নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল ও অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, জামানতের মূলকপি ও অন্যান্য সকল কাগজপত্র সীলগালা মুখবন্ধ খামে নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করতে হবে।

| ক্র: নং | জলমহালের নাম | মৌজা, খতিয়ান নং, দাগ নং | অবস্থান ও আয়তন | সরকারি ধার্যকৃত ইজারা মূল্য (প্রতি বছর) |
|---|---|---|---|---|
| ১. | জয়রামপুর মজাপুকুর | মৌজা- ৬৯ নং জয়রামপুর, খতিয়ান নং-০১, দাগ নং- ১৯৫৩। | জয়রামপুর আয়তন- ৫.২৪ একর | ২,১৭,১৮২/- |
| ২. | ডুগডুগি দোহা জলমহাল | মৌজা- ৬৯ নং জয়রামপুর, খতিয়ান নং-০১, দাগ নং- ১৩৫০। | জয়রামপুর আয়তন- ৮.৪০ একর | ২,৪৪,৫৯১/- |
| ৩. | চারুলিয়া মেহমান শাহ দরগা পুকুর | মৌজা- ৩৮ নং চারুলিয়া, খতিয়ান নং-০১, দাগ নং- ৪২০। | চারুলিয়া আয়তন- ১.০৯ একর | ৩০,০০০/- |

: সিডিউল :

| ক্র: নং | তারিখ | কার্যদিবস | গৃহীত কার্যক্রম |
|---|---|---|---|
| ১. | ০১ মাঘ থেকে ১৫ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ) | ১৫ দিন | অনলাইন আবেদন দাখিল করতে হবে। http://damurhuda.chuadanga.gov.bd এই লিংকের ডান পার্শ্বের নিচের মেনু থেকে অথবা, সরাসরি http://jm.lams.gov.bd এ ক্লিক করতে হবে। |
| ২. | ১৮ মাঘ থেকে ২০ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (০১ ফেব্রুয়ারি হতে ০৩ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ) | ০৩ (তিন) কার্যদিবস | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টিড কপি, আবেদনের ফিসের ৫০০/-টাকার পে-অর্ডারের কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। |
| ৩. | ২২ মাঘ থেকে ২৮ মাঘ, ১৪৩২ বঙ্গাব্দ (০৫ ফেব্রুয়ারি থেকে ১১ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ) | ০৫ (পাঁচ) কার্যদিবস | অনলাইনে প্রাপ্ত আবেদন সমূহ এবং দাখিলকৃত প্রিন্টিড কপি যাচাই বাছাই। |

| | | | |
|---|---|---|---|
| ৪. | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ (১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ) | ০৫ (পাঁচ) কার্যদিবস | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫. | ০৬ ফাল্গুন থেকে ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ (১৯ ফেব্রুয়ারি থেকে ১১ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ) | ১৫ (পনের) কার্যদিবস | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক, মহোদয় কর্তৃক অনুমোদন। |
| ৬. | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (১২ মার্চ থেকে ১৬ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ) | ০৩ (তিন) কার্যদিবস | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭. | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (১৭ মার্চ থেকে ২৯ মার্চ, ২০২৬ খ্রিস্টাব্দ) | ০৭ (সাত) কার্যদিবস | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে ইজারামূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৮. | ১ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ (১৪ এপ্রিল, ২০২৬ খ্রিস্টাব্দ) | - | ইজারাগ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেওয়া। |

**: শর্তাবলী :**

০১। প্রকৃত মৎস্যজীবী সমিতি যা সমবায় অধিদপ্তরে নিবন্ধিত সেই সমিতি বা সমিতিসমূহ সংশ্লিষ্ট জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন করতে হবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী যোগ্যতা সম্পন্ন সমিতি অগ্রাধিকার পাবেন, তবে সমিতির সকল সদস্য মৎস্যজীবী হিসেবে মৎস্য বিভাগের নিবন্ধিত হতে হবে। কোন অনিবন্ধিত ব্যক্তি এবং অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

০২। আবেদনকারী সমবায় সমিতিকে তাদের বর্তমান কার্যকরীতার প্রমাণস্বরূপ জেলা বা উপজেলা সমবায় কর্মকর্তা/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে।

০৩। কোন সমিতির নিকট সরকারি পাওনা থাকলে বা সার্টিফিকেট মামলা থাকলে উক্ত সমিতির আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪। আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানা) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভাপতির (উপজেলা নির্বাহী অফিসার) নিকট দাখিল করবেন।

০৫। কোন সমিতিতে বা সমিতির কার্যনির্বাহী কমিটিতে প্রকৃত মৎস্যজীবী ছাড়া (জেলা হিসেবে নিবন্ধন ব্যতীত) অন্য কোন সদস্য থাকলে উক্ত সমিতি আবেদন করতে পারবেন না।

০৬। আবেদনকারীকে তার আবেদনের সাথে বিজ্ঞপ্তিতে উল্লিখিত জলমহালের সরকারি ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে (উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা'র অনুকূলে) জামানত হিসেবে দাখিল করতে হবে, যা লীজপ্রাপ্ত সমিতির শেষ বছরের ইজারার মূল্যের সাথে সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার তাদের আবেদনের প্রেক্ষিতে ফেরৎ প্রদান করা হবে।

০৭। আবেদনকারীকে অনলাইনে বর্ণিত কাগজপত্রসহ আবেদন করতে হবে। ক) সংগঠন/ সমিতির নির্বাচিত কমিটির তালিকা, খ) কমিটির সভাপতির এফআইডি নম্বর, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর গ) সমিতি নিবন্ধন পত্র, ঘ) সমিতির সকল সদস্যদের নাম, ঠিকানা, পরিচয়পত্র ও ছবি ঙ) সংগঠন/ সমিতির গঠনতন্ত্রের কপি, চ) সমিতির সকল সদস্য প্রকৃত মৎস্যজীবী মর্মে উপজেলা মৎস্য কর্মকর্তার প্রত্যয়ন, ছ) সমিতির সরকারি পাওনা এবং সমিতি বিরুদ্ধে সার্টিফিকেট মামলা নেই মর্মে জেলা প্রশাসক কর্তৃক প্রত্যয়নপত্র, জ) সমিতির সদস্যগণ প্রকৃত মৎস্যজীবী, মাছ চাষ, শিকার ও বিপননের সাথে জড়িত আছেন ও থাকবেন এবং জলমহালের ইজারা পেলে নিজেরাই তা পরিচালনা করবেন মর্মে অঙ্গীকার নামা, ঝ) সমিতির সভার কার্যবিবরণী, গ) ব্যাংক সলভেন্সী সার্টিফিকেট (ব্যাংকস রুলস অনুসারে), ঞ) অডিট রিপোর্ট, ট) উন্নয়ন প্রকল্পের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট জলমহালে ০৩(তিন) বছর মেয়াদী মৎস্য চাষ/ উৎপাদন সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা / রুপরেখা সংযুক্ত করতে হবে) ও ঠ) আবেদন ফিস হিসেবে নির্ধারিত ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরৎযোগ্য) তফশীলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা'র অনুকূলে জমা দিতে হবে।

০৮। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বৈধ দরদাতাকে ১ম বছরের সাকূল্য ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়করসহ সমুদয় অর্থ অবহিত হওয়ার পর ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ (২৯ মার্চ, ২০২৬) মধ্যে সরকারের সংশ্লিষ্ট খাতে/ কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় আবেদনপত্রের সঙ্গে দেয় জামানত বাবদ অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৯। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধ করা যাবে না।

১০। লীজপ্রাপ্ত আবেদনকারী কর্তৃক সম্পূর্ণ টাকা পরিশোধের পর ১৫ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দের (২৯ মার্চ, ২০২৬) মধ্যে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে (ইজারা গ্রহীতার নিজ উদ্যোগে ও খরচে) এবং চুক্তিনামা সম্পাদন করতে হবে।

১১। ইজারা সংক্রান্ত সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ এবং সময় জারীকৃত সরকারি আদেশ/ বিধানসমূহ ইজারা গ্রহীতাকে অবশ্যই মেনে চলতে হবে।

১২। ইজারা মেয়াদকাল বাংলা ১৪৩৩ সন হতে বাংলা ১৪৩৫ সন পর্যন্ত কার্যকর হবে এবং চুক্তিপত্র দলিল সম্পাদনের পূর্বে জলমহালের দখল হস্তান্তর করা হবে না এবং আবেদনপত্র অনুমোদন প্রাপ্তিতে বিলম্ব হলে এ বিলম্বের কারণে কোন ভাবেই ইজারা মেয়াদকাল বৃদ্ধির আবেদন গ্রহনযোগ্য হবে না। বছরের যে কোন সময় দরপত্র/ আবেদন আহবান করা হলেও ইজারার মেয়াদকাল ১লা বৈশাখ, ১৪৩৩ বাংলা সন হতেই কার্যকর বলে গণ্য হবে।

১৩। ইজারাকৃত জলমহালের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য, ১৫% ভ্যাট ও ১০% আয়কর পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় স্বয়ংক্রিয়ভাবে ইজারা বাতিল হয়ে যাবে।

১৪। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ঘষামাজা/ কাটাকাটি/ ফ্লুইড দেয়া আবেদন বাতিলযোগ্য হবে।

১৫। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ সংগঠন দু'টির অধিক জলমহাল ইজারা/ বন্দোবস্ত পাবে না।

১৬। লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ বা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠির কাছে হস্তান্তর করা যাবে না।

১৭। জলমহালের জমি রেকর্ড অনুযায়ী যাহাই থাকুক না কেন বর্তমানে আরএস রেকর্ড অনুযায়ী জলমহালের দখল প্রদান করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে দাখিলকৃত যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২৯/১২/২০২৫

মোঃ উবায়দুর রহমান সাহেল
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা
ফোন: ০২৪৭৭৭৯০৮০১
ই-মেইল: unodamurhuda@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.১৮৩১.০০০.৯৬.০০১.২৫- ৬০০১

তারিখ: ১৪ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ।
২৯ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ।

**অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :**

০১। বিভাগীয় কমিশনার, খুলনা।
০২। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), চুয়াডাঙ্গা।
০৪। জেলা মৎস্য অফিসার, চুয়াডাঙ্গা।
০৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।
০৬। প্রশাসক, দর্শনা পৌরসভা, দর্শনা, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

**অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য :**

০৭। সহকারী কমিশনার (ভূমি), দামুড়হুদা, চুয়াডাঙ্গা। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য উপজেলা ভূমি অফিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৮। উপজেলা মৎস্য অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

০৯। উপজেলা সমবায় অফিসার, দামুড়হুদা, চুয়াডাঙ্গা।

১০। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, দামুড়হুদা, চুয়াডাঙ্গা। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসারের ওয়েব সাইডে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১১। চেয়ারম্যান,........................ ইউনিয়ন পরিষদ, দামুড়হুদা। তাকেঁ ইজারা বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য ইউনিয়ন পরিষদ ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, জুড়ান পুর... ইউনিয়ন ভূমি অফিস,দামুড়হুদা।

১৩। সম্পাদক, দৈনিক মাথাভাঙ্গা, চুয়াডাঙ্গা। বিজ্ঞপ্তিটি তার পত্রিকায় ভিতরের পাতায় স্বল্প পরিসরে ০১ (এক) দিনের সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১৪। জনাব ..........................................................................................

১৫। অফিস কপি।

২৩/০২/২৫

মোঃ উবায়দুর রহমান সাহেল
উপজেলা নির্বাহী অফিসার
দামুড়হুদা, চুয়াডাঙ্গা
ফোন: ০২৪৭৭৭৯০৮০১
ই-মেইল: unodamurhuda@mopa.gov.bd